

যীশু, সবচেয়ে উত্তম গল্প কথক

শিশুদের যীশুর গল্পগুলো শিখতে এবং অন্যদের কাছে বলতে সাহায্য করুন

প্রার্থনাঃ “প্রভু, ক্ষমাহীন দাসের বিষয়ে যীশুর গল্প থেকে অন্যদের ক্ষমা করার বিষয় শিখতে শিশুদের সাহায্য কর।”

শিশুদের ছবিটিকে কল করতে দিন।

একটি বড় শিশুদের অথবা শিক্ষককে ক্ষমাহীন দাসের গল্পটি পাঠ করতে বা মন থেকে বলতে দিন (মথি ১৮ঃ২১-৩৪)। যারা আমাদের প্রতি অন্যায় করেছে তাদের কিভাবে সর্বদা ক্ষমা করা উচিত সেই বিষয়টি আমাদের কাছে ব্যাখ্যা করতে যীশু কিভাবে এই গল্পটি ব্যবহার করেছিলেন, এই গল্পে সেই বিষয়টি বলা হয়েছে।



গল্পটি বলার পর এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। (প্রতিটি প্রশ্নের পর উত্তর প্রদত্ত হয়েছে।)

- আমাদের কি কখন লোকদের ক্ষমা করা বন্ধ করা উচিত? (২১ পদ দেখুন। আমাদের অবশ্যই সর্বদাই ক্ষমা করা উচিত।)
- যে দাস তার ঋণ শোধ করতে পারে নি তার প্রতি তার প্রভু কি করেছিলেন? (২৭ পদ দেখুন)
- সেই একই দাস তার সহদাসের প্রতি কি করেছিলেন যে তার কাছে টাকা ঋণ করেছিল? (৩০ পদ দেখুন)
- প্রভু এই বিষয়টি প্রতি কিভাবে সাড়া দান করেছিলেন? (৩৪ পদ দেখুন)
- আমাদের প্রতি যারা অন্যায় করেছে তাদের সঙ্গে কিরূপ ব্যবহার করার বিষয়ে আমাদের স্বর্গীয় প্রভু আমাদের কাছে প্রত্যাশা করেন? (৩৫ পদ দেখুন)

ক্ষমাহীন দাসের গল্পের অংশটি নাট্যরূপে দিন। শিশুদের দ্বারা নাটকটি উপস্থাপন করতে উপাসক মন্ডলীর আরাধনা সভার নেতার সঙ্গে ব্যবহার করুন। নাটকটি প্রস্তুতির জন্য শিশুদের সময় দিন। সব অংশগুলো ব্যবহারের প্রয়োজন নেই। বড় শিশুদের ছোটদের প্রস্তুতিতে সাহায্য করতে দিন।

- বড় শিশুদের অথবা প্রাপ্তবয়স্কদের বর্ণনাকারী, প্রভু (কাগজ পত্র হাতে) এবং অকৃতজ্ঞ দাসের ভূমিকায় অভিনয় করতে দিন।
- ছোট শিশুদের পিতর, বন্ধুবর্গ, কারারক্ষী এবং দ্বিতীয় দাসের ভূমিকায় অভিনয় করতে দিন।

বর্ণনাকারীঃ গল্পের প্রথম অংশটি বলুন, (২১-২৭ পদ)। তারপর বলবেন, “শুনুন, পিতর যীশুকে কি জিজ্ঞাসা করেছিলেন।”

পিতরঃ ওপরের দিকে তাকিয়ে বলবে, “প্রভু কতবার আমাকে আমার ভাইকে ক্ষমা করতে হবে?”

বর্ণনাকারীঃ “যীশু এক প্রভু ও তার দাসের গল্পের মাধ্যমে পিতরকে উত্তর দিয়েছিলেন। দাস তার কাছ থেকে অনেক টাকা ঋণ নিয়েছিলেন। প্রভুর কথা শুনুন।”

প্রভুঃ “এই কাজটা তোমার ঋণের বিষয় চুক্তিপত্র। এখানে দেখা যাচ্ছে যে তুমি অনেক টাকা ঋণ নিয়েছ। তুমি আমার কাছে পরিশোধ কর, নতুবা আমি তোমাকে এবং তোমার পরিবারকে দাসরূপে বিক্রী করে দেব।”

অকৃতজ্ঞ দাসঃ হাঁটু গেড়ে প্রার্থনা করবে, “দয়া করুন আমি শোধ করে দেব। অনুগ্রহ করে দয়া করুন।”

প্রভুঃ কাগজটা ছিঁড়ে ফেলে দিয়ে বলবেন। “আমি তোমার প্রতি দয়া করব। আমি তোমার সমস্ত ঋণ শোধ করে দেব।”

বর্ণনাকারীঃ গল্পটির দ্বিতীয় অংশটা বলুন, ২৮-৩৫ পদ। তারপর বলবে, “দেখুন, অকৃতজ্ঞ দাস কি বলছেন।”

অকৃতজ্ঞ দাসঃ রাজার কাছ থেকে বেড়িয়ে দ্বিতীয় দাসের কাছে যাবে এবং তাকে ঝাঁকানি দিয়ে বলবে, “এক্ষুণ, এই মুহূর্তে আমার টাকা শোধ কর!”

দ্বিতীয় দাসঃ হাঁটু গেড়ে ভিক্ষা চাইবে, “অনুগ্রহ করে আমার প্রতি দয়া কর। তাড়াতাড়ি আমি শোধ করে দেব।”

অকৃতজ্ঞ দাসঃ “না, কারারক্ষী, এখনি এসে ওকে ধরে নিয়ে যাও!”

কারারক্ষীঃ দ্বিতীয় দাসকে চেপে ধরে নিয়ে যাবে এবং বলবে, “যতক্ষণ না তুমি ঋণ পরিশোধ করছো, ততক্ষণ কারাগারে থাক।”

বন্ধুগণঃ রাজার কাছে যাবে এবং বলবে, “প্রভু, আপনি যে দাসকে ক্ষমা করেছেন সে অন্য দাসকে ক্ষমা করে নি। অন্য যে দাস তার কাছ থেকে অন্ন খার করেছিল, সে তাকে কারারুদ্ধ করেছে।”

রাজাঃ সেই অকৃতজ্ঞ দাসকে ডাক। “এখানে এসো তুমি!” (অকৃতজ্ঞ দাস আসবে)

অকৃতজ্ঞ দাসঃ প্রভুর কাছে ছুটে যাবে এবং জানুপাত করে বলবে, “হে মহান এবং উদার রাজন, আমি আপনার সেবায় উপস্থিত আছি।”


প্রভু (দ্রুদভাবে), “আমি যেমন তোমাকে ক্ষমা করেছিলাম, তুমি কর নি কেন? কারারক্ষক তাকে নিয়ে যাও!”

কারারক্ষীঃ অকৃতজ্ঞ দাসটিকে নিয়ে যেতে বলবে, যতদিন না ঋণ পরিশোধ করবে ততদিন কারাগারে থাক।

বর্ণনাকারী অথবা বড় শিশুঃ যারা সাহায্য করেছে তাদের ধন্যবাদ দেবে।

শিশুরা যদি বড়দের জন্য এই গল্পটি নাটক করে, তবে তাদের উপরের তালিকার প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে দিন।

শিশুদের জিজ্ঞাসা, “অন্যান্য আর কি কি গল্প আছে যা যীশু ঈশ্বরের রাজ্যের বিষয় শিক্ষা দানের জন্য বলেছিলেন?” (শিশুদের উত্তর দিতে দিন।)



একটি রাজমুকুটের ছবি আঁকুন। শিশুদের এটা নকল করতে দিন এবং পরবর্তী আরাধনার সময় প্রাপ্তবয়স্কদের কাছে অথবা ঘরে বাবা মায়ের কাছে ছবিগুলো দেখাতে দিন।

- শিশুদের ব্যাখ্যা করতে দিন যে এই রাজমুকুটটা যীশুর গল্পের বিষয় ব্যাখ্যা করে।
- ঈশ্বর আমাদের আধ্যাত্মিক রাজা। আমরা তার কাছ থেকে সব কিছু ঋণ করেছি।
- অনেক সময় আমরা উচিত মত তাঁর সেবা করি না, কিন্তু তিনি আমাদের ক্ষমা করেন।
- আমাদের প্রভু যীশু যেমন আমাদের ক্ষমা করেছেন, আমাদেরও সেইভাবে অন্যদের ক্ষমা করা উচিত।

মুখস্থ পদঃ কলসীয় ৩ঃ১৬

কবিতাঃ তিনজন শিশুর প্রত্যেককে গীত ৪৫ এর ১, ২, ও ৪ পদ আবৃত্তি করতে দিন।

বিশ্বস্ত দাসের যীশুর গল্পের বিষয়ে বড় শিশুদের কবিতা, গান অথবা নাটক লিখতে দিন। তারা সারাসপ্তাহ যাবৎ এই কাজ করতে পারে।

প্রার্থনাঃ “প্রিয় প্রভু এবং রাজা। আমাদের যা কিছু আছে তা তোমার কাছ থেকে পাওয়া আশীর্বাদ। তুমি আমাদের সমস্ত পাপ ক্ষমা কর এবং মন্দ থেকে আমাদের মুক্ত কর। অনেক সময় আমরা এটা ভুলে যাই এবং অন্যদের ক্ষমা করতে ব্যর্থ হই। তোমার মত আমাদেরও ক্ষমা করতে সাহায্য কর।”